



স্মারক নং- ৩১.৪৪.৪৪১৯.৫৪২.০৫.০১২.২২-৩৮৪(১০০)

তারিখ: ০২/০৩/২০২২ খ্রিঃ।

জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ অধিশাখার ১০/০২/২০২২ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২).৩২ নম্বর প্রজ্ঞাপনমূলে গত ১৭/০২/২০২২ তারিখে উপজেলা জলমহাল কমিটির সভার সিদ্ধান্তের আলোকে ঝিনাইদহ সদর উপজেলাধীন ২০ একর পর্যন্ত নিম্নোক্ত জলমহালসমূহ বাংলা ১৪২৯ সন হতে ১৪৩১ সন পর্যন্ত সময়ের জন্য শর্ত সাপেক্ষে ইজারা প্রদানের নিমিত্ত প্রকৃত মৎস্যজীবী সমবায়/সংগঠনের নিকট হতে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে।

জলমহালের তালিকা

ক্রমিক নং	জলমহালের নাম	জলমহালের আয়তন (একরে)	অনলাইনে ইজারার দরপত্র দাখিলের তারিখ	উপজেলা জলমহাল ব্যবস্থাপনা-কমিটি কর্তৃক নির্ধারিত বার্ষিক সরকারি ইজারা মূল্য
০১	ডুদ্রাখালী দোহা	৭.২৬ একর	১০/০৩/২০২২ খ্রিঃ।	২১,১০৫/-
০২	জংলা দোহা	০.৮৬ একর		১,৮৯০/-
০৩	কুটিপাড়া পুকুর	০.৫৮ একর		১,৬৮০/-

শর্তসমূহ

- ১) সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ অনুযায়ী বন্ধ জলমহাল ইজারা গ্রহণে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি উক্ত নীতিতে বর্ণিত প্রয়োজনীয় তথ্য ও দলিলাদিসমূহ নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ইজারার জন্য আবেদন দাখিল করতে পারবেন;
- ২) অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অথবা jm.lams.gov.bd লিংকে নিবন্ধিত সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিক উক্ত ওয়েব সাইটে পাওয়া যাবে;
- ৩) জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমা ২৫ ফাল্গুন, ১৪২৮ অফিস চলাকালীন পর্যন্ত;
- ৪) অনলাইনে আবেদন দাখিলের পর আবেদনে বর্ণিত তথ্যাদির গোপনীয়তা প্রযুক্তিগতভাবে আবেদন দাখিলের শেষ সময়সীমা পর্যন্ত সংরক্ষণ করা হবে। তবে দাখিলকারী আবেদন দাখিলের পর আবেদনের সকল তথ্যাদি প্রিন্টিং কপি সংগ্রহ করতে পারবেন;
- ৫) অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদি প্রিন্টিং কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর/সহকারী কমিশনার (ভূমি), ঝিনাইদহ সদর, ঝিনাইদহ এর কার্যালয়ে দাখিল করতে হবে। সীলগাতাকৃত খামের উপরিভাগে 'জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন' কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে;
- ৬) অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টিং কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে;
- ৭) প্রতিটি আবেদনপত্রের প্রিন্টিং কপির খামের উপর জলমহালের নাম, মৎস্যজীবী সমবায় সমিটির নাম ও ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। আবেদনপত্রের সাথে সমিতির রেজিস্ট্রেশন সনদ, সমিতির গঠনতন্ত্র, সভাপতি/সম্পাদকের ছবি, নির্বাহী কমিটির সদস্যদের তালিকা, ০২বছরের অডিট রিপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে) ০৩ বছরের কর্ম পরিকল্পনা, ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদ, সমিতির সকল সদস্য প্রকৃত মৎস্যজীবী মর্মে প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে;
- ৮) ইজারার মেয়াদ বাংলা ১৪২৯ সনের ০১ লা বৈশাখ হতে বাংলা ১৪৩১ সনের ৩০ চৈত্র পর্যন্ত কার্যকর হবে। চুক্তিপত্র দলিল সম্পাদনের পূর্বে জলমহালের দখল প্রদান করা হবে না এবং বাংলা ১৪৩১ সনের ৩০ চৈত্রের পর স্বয়ংক্রিয়ভাবে ইজারা বাতিল বলে গণ্য হবে;
- ৯) ইজারার আবেদনপত্র অনুমোদন বিলম্ব হলে উক্ত বিলম্বের কারণে কোন অবস্থাতেই ইজারার মেয়াদ বৃদ্ধির আবেদন গ্রহণযোগ্য হবেনা। বছরের যে কোন সময়ে দরপত্র আহবান করা হলেও ইজারার মেয়াদ বাংলা ১৪২৯ সনের ০১ বৈশাখ হতে কার্যকর বলে গণ্য হবে এবং বাংলা ১৪২৯ সনের ০১ বৈশাখ হতে সকল সরকারি প্রাপ্য আদায়যোগ্য হবে;
- ১০) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী আবেদনপত্র গৃহীত হওয়া সাপেক্ষে বিভাগীয় কমিশনার মহোদয়ের সিদ্ধান্তের প্রেক্ষিতে আবেদনপত্রে প্রদত্ত ১ম বছরের ইজারামূল্যসহ ইজারা মূল্যে ১৫% ভ্যাট ও ৫% আয়কর ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে নির্ধারিত কোডে চালানে জমা দিতে হবে এবং পরবর্তী বছর সমূহের ইজারা মূল্য পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে জমা দিতে হবে। অন্যথায় ইজারা বাতিলসহ জমাকৃত জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। ইজারা অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবেনা। বকেয়া টাকা আইনানুগভাবে আদায় করা হবে;
- ১১) আবেদনপত্র কেবলমাত্র অনলাইনে দাখিল করা যাবে। মৎস্যজীবী সমবায় সমিতি একটি ই-মেইল ঠিকানা থাকা বাধ্যনীয়;
- ১২) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ইজারা প্রস্তাব অনুমোদনের পর যে সকল আবেদনপত্র গৃহীত হবেনা, সে সকল আবেদনপত্রের সাথে জামানত হিসাবে সংযুক্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদনকারী কর্তৃক আবেদন সাপেক্ষে ফেরত দেয়া হবে;